

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

উপজেলা প্রকৌশলীর কার্যালয়

হরিপুর, ঠাকুরগাঁও।

www.lged.gov.bd

উন্নয়নের গনতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০২.৯৪৫১.০০০.১৪.০২২.২০-০৬

তারিখ : ০৬/০৯/২০২০

প্রাপক,

চেয়ারম্যান,

১নং গেদুড়া/২নং আমগাঁও/৩নং বকুয়া/৪নং ডাঙ্গীপাড়া/৫নং হরিপুর/৬নং ভাতুরিয়া ইউনিয়ন পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।

বিষয়ঃ “পল্লী কর্মসংস্থান ও সড়ক রক্ষনাবেক্ষন কর্মসূচী-৩(আরইআরএমপি-৩)” শীর্ষক প্রকল্প এর আওতায় মহিলা কর্মী নিয়োগ প্রসঙ্গে।

সূত্র : প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা মহোদয়ের স্মারক নং-৪৬.০২.০০০০.৯৬৯.১১.০০১.১৯-০১,


তারিখঃ ০১/০১/২০২০ ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “পল্লী কর্মসংস্থান ও সড়ক রক্ষনাবেক্ষন কর্মসূচী-৩(আরইআরএমপি-৩)” শীর্ষক প্রকল্প-এর আওতায়” গ্রামীণ দুঃস্থ মহিলাদের দ্বারা গুরুত্বপূর্ণ গ্রামীণ সড়কের রক্ষনাবেক্ষন কার্যক্রম বাস্তবায়নে ০৪ (চার) বৎসরের জন্য দুঃস্থ মহিলা কর্মী নিয়োগ করা হবে। নিম্ন বর্ণিত শর্তাবলী ও সময় সূচী মোতাবেক আপনার ইউনিয়ন পরিষদ চত্বরে মহিলা কর্মী নির্বাচন করা হবে। সেক্ষেত্রে ঢোল সহরত, মাইকিং এর মাধ্যমে বহুল প্রচার করার জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হইল।

ক্রঃ নং	রাস্তার নাম ও আইডি নং	শ্রমিকের সংখ্যা (ইউনিয়ন ভিত্তিক)	তারিখ ও সময়	সাক্ষাৎকার গ্রহণ ও নির্বাচন স্থান
১	২	৩	৪	৫
১।	১নং গেদুড়া ইউনিয়নের বিভিন্ন রাস্তা।	গেদুড়া ইউপি- ১০ জন চূড়ান্ত গেদুড়া ইউপি- ১০ জন অপেক্ষমান	তাং- ২০-০১-২০২০ সময়ঃ- ১০.০০ ঘটিকা	১নং গেদুড়া ইউপি অফিস চত্বর
২।	২নং আমগাঁও ইউনিয়নের বিভিন্ন রাস্তা।	আমগাঁও ইউপি- ১০ জন চূড়ান্ত আমগাঁও ইউপি- ১০ জন অপেক্ষমান	তাং- ২১-০১-২০২০ সময়ঃ ১০.০০ ঘটিকা	২নং আমগাঁও ইউপি অফিস চত্বর
৩।	৩নং বকুয়া ইউনিয়নের বিভিন্ন রাস্তা।	বকুয়া ইউপি- ১০ জন চূড়ান্ত বকুয়া ইউপি- ১০ জন অপেক্ষমান	তাং- ২২-০১-২০২০ সময়ঃ ১০.০০ ঘটিকা	৩নং বকুয়া ইউপি অফিস চত্বর
৪।	৪নং ডাঙ্গীপাড়া ইউনিয়নের বিভিন্ন রাস্তা।	ডাঙ্গীপাড়া ইউপি- ১০ জন চূড়ান্ত ডাঙ্গীপাড়া ইউপি- ১০ জন অপেক্ষমান	তাং-২৩-০১-২০২০ সময়ঃ ১০.০০ ঘটিকা	৪নং ডাঙ্গীপাড়া ইউপি অফিস চত্বর
৫।	৫নং হরিপুর ইউনিয়নের বিভিন্ন রাস্তা।	হরিপুর ইউপি- ১০ জন চূড়ান্ত হরিপুর ইউপি- ১০ জন অপেক্ষমান	তাং-২৬-০১-২০২০ সময়ঃ ১০.০০ ঘটিকা	৫নং হরিপুর ইউপি অফিস চত্বর
৬।	৬নং ভাতুরিয়া ইউনিয়নের বিভিন্ন রাস্তা।	ভাতুরিয়া ইউপি- ১০ জন চূড়ান্ত ভাতুরিয়া ইউপি- ১০ জন অপেক্ষমান	তাং-২৭-০১-২০২০ সময়ঃ ১০.০০ ঘটিকা	৬নং ভাতুরিয়া ইউপি অফিস চত্বর

শর্তাবলীঃ-

- বিধবা, স্বামী পরিত্যক্ত এবং পরিবার প্রধান হত দরিদ্র নারী যারা কায়িক শ্রমের মাধ্যমে জীবিকা অর্জন করে তাদের প্রধান্য দিতে হবে।
- নির্বাচিত নারী কর্মীগণ ভূমিহীন বা তাদের ০.৫ একরের উপরে মালিকানা স্বত্ব জমি থাকবে না।
- কর্মীদের শারীরিক ভাবে মাটির কাজ (কায়িক পরিশ্রম) করার ক্ষমতা থাকতে হবে।
- ২৫-৪৫ (১৫-০১-২০২০ ইং তারিখ অনুযায়ী) বছরের বয়স্ক দুঃস্থ কর্মক্ষম নারী কর্মীকে নির্বাচন করা হবে।
- বয়স প্রত্যয়নের জন্য জাতীয় পরিচয় পত্রের মূল কপি ও ফটো কপি সঙ্গে আনতে হবে।
- কর্মীগণকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দা হতে হবে।
- এলজিইডি কর্তৃক মেরামতের জন্য তালিকা ভুক্ত সড়কের নিকট বসবাসকারী নারীগণ এ প্রকল্পে কাজ করার ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন।
- আরইআরএমপি-১, আরইআরএমপি-২ পর্যায়ে মহিলা কর্মী যারা সহায়তা পেয়েছেন তারা আরইআরএমপি-৩ পর্যায়ে নিয়োগ প্রাপ্তির যোগ্য হবেন না।

  
০৬/০৯/২০২০

(মোঃ আহসান হাবীব)

উপজেলা প্রকৌশলী(অতিঃদাঃ)

হরিপুর, ঠাকুরগাঁও।

তারিখ : ০৬/০৯/২০২০

স্মারক নং- ৪৬.০২.৯৪৫১.০০০.১৪.০২২.২০-০৬/২ (২০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ-

- অতিরিক্ত প্রধান প্রকৌশলী(পল্লী অবকাঠামো উন্নয়ন ও ব্যবস্থাপনা), এলজিইডি, আগারগাঁও,শেরেবাংলা নগর,ঢাকা-১২০৭।
- অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর,রংপুর বিভাগ,রংপুর।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর অঞ্চল, দিনাজপুর।
- প্রকল্প পরিচালক (আরইআরএমপি-৩), এলজিইডি ভবন(লেভেল-১০), আগারগাঁও,শেরেবাংলা নগর,ঢাকা-১২০৭।
- উপজেলা চেয়ারম্যান, হরিপুর, ঠাকুরগাঁও।
- নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঠাকুরগাঁও।
- উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর, ঠাকুরগাঁও।
- উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), হরিপুর, ঠাকুরগাঁও।
- জনাব মোঃ রোকনুজ্জামান (এসএই), মোঃ মিজানুর রহমান, কমিউনিটি অর্গানাইজার, অত্র দপ্তর। তাহাদের কে নির্ধারিত তারিখে যথা সময়ে উপস্থিত থাকিয়া নিয়োগ প্রক্রিয়া পরিচালনার জন্য বলা হইল।
- নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
- অফিস কপি।

  
০৬/০৯/২০২০

উপজেলা প্রকৌশলী(অতিঃদাঃ)

হরিপুর, ঠাকুরগাঁও।

ফোন-০৫৬২৩-৫৬০১৬।

Email-ue.haripur@lged.gov.bd